

## এক নজরে মেহেন্দিগঞ্জ খামার

মৎস্য বীজ উৎপাদন খামার মেহেন্দিগঞ্জ, বরিশাল প্রতিষ্ঠানটি বরিশাল জেলা হতে ২২ কিলোমিটার উত্তর-পূর্বে দ্বীপ উপজেলা মেহেন্দিগঞ্জে অবস্থিত। স্বাধীনতাপূর্ব প্রতিষ্ঠিত খামারটি ১৯৮৮ সাল পর্যন্ত মৎস্য অধিদপ্তর কতৃক পরিচালিত হয়। এরপর ২৮ ফেব্রুয়ারি ১৯৮৮ হতে ২৭ ফেব্রুয়ারি ১৯৯৮ পর্যন্ত খামারটি পরিচালনা করে গ্রামীণ মৎস্য ফাউন্ডেশন। এরপর ২৮ ফেব্রুয়ারি ১৯৯৮ খামারটি মৎস্য অধিদপ্তরে ফেরৎ আসে এবং সকল কার্যক্রম উৎপাদন পরিকল্পনা মোতাবেক পরিচালিত হচ্ছে। বর্তমানে খামারে ৫টি মজুদ পুকুর ৩টি নার্সারি পুকুর আছে। খামারটির পুকুরে প্রাকৃতিক উৎস থেকে প্রাপ্ত ৫০০ কেজির অধিক ইন্ডিয়ান মেজর কার্পজাতীয় মাছের ব্রুড মজুদ আছে যা থেকে প্রতি বছর গুণগত মানসম্পন্ন রেণু ও পোনা উৎপাদন করা হচ্ছে। খামার থেকে উন্নত পদ্ধতিতে মাছ ও চিংড়ি চাষ এবং অন্যান্য জলজ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক টেকসই প্রযুক্তি সম্পর্কিত পরামর্শ প্রদান করা হয়।

## ১. ভিশন ও মিশন

ভিশনঃ

- গুণগত মানসম্পন্ন মাছের রেণুপোনা, ধানীপোনা ও চারাপোনা উৎপাদন এবং স্থানীয় পর্যায়ে বিতরণ।

মিশনঃ

- খামারে প্রাপ্ত প্রাকৃতিক উৎসের ব্রুড থেকে গুণগতমান সম্পন্ন কার্প ও দেশীয় প্রজাতির মাছের রেণুপোনা উৎপাদন করে উপযুক্ত পরিচর্যার মাধ্যমে চারাপোনা ধানীপোনা ও চারাপোনা উৎপাদন করা।
- স্থানীয় চাষীদের মধ্যে সরকার নির্ধারিত মূল্যে উক্ত পোনা বিক্রয় করে বিক্রয় লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা করা।

## সংক্ষিপ্ত তথ্য

- প্রতিষ্ঠানের নাম: মৎস্য বীজ উৎপাদন খামার মেহেন্দিগঞ্জ, বরিশাল
- প্রতিষ্ঠানের আয়তন: ৬.৫৭ একর
- প্রতিষ্ঠানের জলায়তন: ২.৫১ একর
- অফিস কাম ডরমেটরি ভবন: ১টি (ব্যবহার অনুযোগী)
- গার্ড শেড: ১টি
- হ্যাচারি সম্পর্কিত তথ্য:
  - ভবন: ১টি
  - ওভারহেড ট্যাংক: ১টি
  - সার্কুলার ট্যাংক: ২টি
  - হ্যাচিং জার: ৬টি
  - গভীর নলকূপ: ২টি
- জনবল সম্পর্কিত তথ্য:

ক্রমিক নং	পদবি	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদ সংখ্যা (জন)	
			অনুমোদিত	কর্মরত
১	২	৩	৪	৫
০১।	খামার ব্যবস্থাপক	অর্ণব চৌধুরী	১	১
০২।	অফিস সহকারী	-	১	০
০৩।	অফিস সহায়ক	মোঃ আলাউদ্দিন	১	১
০৪।	হ্যাচারী এটেনডেন্ট	-	১	০

পুকুর নং-৩

পুকুর নং-৪

পুকুর নং-২

পুকুর নং-৫

পুকুর নং-১

গার্ড শেড

উপজেলা মৎস্য  
ভবন

অফিস ভবন

ওভারহেড  
টাংক

হ্যাচারি ভবন

নার্সারি-১

নার্সারি-২

নার্সারি-৩